গত ০৬-১১-২০১৭ খ্রিঃ রোজ-সোমবার বেলা ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা বিভাগের অক্টোবর/২০১৭ খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৬-১১-২০১৭ খ্রিঃ ।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব মোঃ মিজানুর রহমান বিপিএম (সেবা), অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
২.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম (বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম)
৩.	জনাব মোঃ মোজাম্মেল হক বিপিএম, পিপিএম ,উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
৪.	জনাব মোঃ সাজ্জাদুর রহমান, উপ-পুলিশ কমিশনার (ডিবি-পশ্চিম)
৫.	জনাব মোহাম্মদ আনিসুর রহমান উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন)
৬.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন)
৭.	জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি-পূর্ব)
৮.	জনাব মোঃ শহিদুল্লাহ পিপিএম, অতিঃ উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ) অতিরিক্ত দায়িত্বে উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
৯.	জনাব মোঃ হুমায়ুন কবীর,অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
১০.	জনাব হাফিজ আল ফারুক, সিনিয়র এসি (মোহাম্মদপুর জোন)
১১.	জনাব মোঃ আব্দুল্লাহিল কাফী, সিনিয়র এসি (ধানমন্ডি জোন)
১২.	জনাব এ বি এম জাকির হোসেন, সিনিয়র এসি (পল্লবী জোন)
১৩.	জনাব ফজলুর রহমান, এসি (শ্যামপুর জোন)
১৪.	জনাব মোঃ সোহেল রানা, এসি (ওয়ারী জোন)
১৫.	জনাব ইশতিয়াক হাসান আমীন, এসি (ক্রাইম)-১
১৬.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন)
১৭.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (মিরপুর জোন)
১৮.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন)
১৯.	জনাব মোঃ বদরুল হাসান, এসি (কোতয়ালী জোন)
২০.	জনাব ইফতেখায়রুল ইসলাম, এসি (ডেমরা জোন)
২১.	জনাব তাপস কুমার দাস, এসি (উত্তরা জোন)
২২.	জনাব মোঃ সিরাজুল ইসলাম পিপিএম-বার, এসি (চকবাজার জোন)
২৩.	জনাব মোঃ নজরুল ইসলাম, পিপিএম, এসি (সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন)

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়।

অক্টোবর/২০১৭ খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলা সমুহের তদন্তের অগ্রগতি আলোচনা ও নির্দেশনা ঃ

১। হাজারীবাগ থানার মামলা নং-০৮, তাং-০৮/১০/১৭ খ্রিঃ, ধারা-৩০২ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। হত্যাকান্ডে ব্যবহৃত চাকু উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) প্রত্যক্ষদর্শী সাক্ষীদের জবানবন্দি রেকর্ড করার নির্দেশ প্রদান করা হয়।
(২) হত্যাকান্ডে ব্যবহৃত চাকুতে লেগে থাকা রক্তের ডিএনএ পরীক্ষা করার জন্য নির্দেশ প্রদান করা হয়।
(৩) মেরিট অনুযায়ী মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। লালবাগ থানার মামলা নং-১৯, তাং-১৫/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০৬ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তন্মধ্যে ০৫ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। ০৪ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে। হত্যাকান্ডে ব্যবহৃত চাকু উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটির তদন্ত কার্যক্রমে সভাপতি মহোদয় সন্তুষ্টি প্রকাশ করেছেন।
(২) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ পূর্বক মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। চকবাজার থানার মামলা নং-৪৭ তাং-২৮/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক(তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি এলাকার সিনিয়র জুনিয়র কেন্দ্র করে হত্যাকান্ডের ঘটনা। ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। ০৪ জন সাক্ষীর জবানবন্দী ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। ওয়ারী থানার মামলা নং-১০, তাং-০৮/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯৪/৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ০২ জনই বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। লুণ্ঠিত হওয়া মোবাইল ফোন ও মানিব্যাগ উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহিত হয়।
(২) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। গেন্ডারিয়া থানার মামলা নং- ০১, তাং-০১/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪/৩২৫ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ০৫ জন সাক্ষীর জবানবন্দী ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। কদমতলী থানার মামলা নং-১৯, তাং-০৭/১০/১৭খ্রিঃ, ধারা-১৪৩/৩২৩/৩০৭/৩২৬/৩০২৩৪ পিসি
আলোচনা ঃ

অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি এলাকার সিনিয়র জুনিয়রকে কেন্দ্র করে হত্যা কান্ডের ঘটনা। অত্র মামলার ঘটনায় ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। ০৪ জন সাক্ষীর জবানবন্দী ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে। হত্যাকান্ডে ব্যবহৃত হকিস্টিক উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) হত্যাকান্ডে ব্যবহৃত চাকু উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) ১৬৪ ধারায় প্রকাশিত অন্য ০২ জন আসামীকে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) আসামীদের ফেইসবুক মেসেজ যাচাই করার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। যাত্রাবাড়ী থানার মামলা নং-০৮, তাং-০২/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২/২০১ পিসি

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি শিশু ভিকটিমকে ধর্ষণের পর হত্যার ঘটনা। মামলার একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। ০৩ জন সাক্ষীর জবানবন্দী ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে। হত্যাকান্ডে ব্যবহৃত রশি উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। যাত্রাবাড়ী থানার মামলা নং-৬৪, তাং-১৫/১০/১৭খ্রিঃ ধারা-৩০২পিসি

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি বাবা কর্তৃক ছেলেকে খুনের ঘটনা। মামলার একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত দা উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। কদমতলী থানার মামলা নং-৭৫ তাং-২৮/১০/১৭ খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ০৪ জন সাক্ষীর জবানবন্দী ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ(১) ঘটনায় জড়িত বাকী আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।

(২) গ্রেফতারকৃত আসামীর স্বীকারোক্তিমূলক জবানবন্দী ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক রেকর্ড করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। রামপুরা থানার মামলা নং-১০, তাং-০৯/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি পারিবারিক কলহের জের ধরে স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। মামলার একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। ০৪ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে। হত্যাকান্ডে ব্যবহৃত বালিশ উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। মোহাম্মদপুর থানার মামলা নং-৪৪, তাং-১৬/১০/১৭খ্রিঃ, ধারা-৪৪৮/৩০২/৩৪ পিসি

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, মামলার ঘটনাটি পরকীয়া প্রেমের জের ধরে হত্যা কান্ডের ঘটনা। মামলার একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। মোহাম্মদপুর থানার মামলা নং-৫৬, তাং-২১/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি বৃষ্টির সময় ছাতা পাওয়াকে কেন্দ্র করে দোকানের কর্মচারী ও ভিকটিমের মধ্যে তর্ক বিতর্কে হত্যাকান্ডের ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। পল্লবী থানার মামলা নং-৫৯, তাং-২২/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিম পরিচয়হীন। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ(১) ভিকটিমের পরিচয় উদঘাটন ও মূল আসামীকে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। বাড্ডা থানার মামলা নং-০৭, তাং-০৬/১০/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। কোতয়ালী থানার মামলা নং-০৭, তাং-০৯/১০/১৭খ্রিঃ, ধারা- ৩৯৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০৯জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তারা সবাই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ ১৬৪ ধারা মতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। লুণ্ঠিত ১,৭৪,০০০/-টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী অফিসারকে কে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) আসামীদের পিসিপিআর যাচাই পূর্বক জড়িত অন্যান্য আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) ডিবি-সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ কর্তৃক মামলাটি ছায়া তদন্ত করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।
(৪) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। খিলগাঁও থানার মামলা নং-৪৮, তাং-২২/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯৫/৩৯৭ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃকাঃবিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ(১) মামলার তদন্ত কার্যক্রমে অবদান রাখায় পুলিশ পরিদর্শক (তদন্ত) কে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) বাকী ০৩ জন আসামী গ্রেফতার ও লুণ্ঠিত হওয়া মালামাল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। রমনা মডেল থানার মামলা নং-০৪, তাং-০২/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমকে হত্যার হুমকি দিয়ে বুথ থেকে এটিএম কার্ড দিয়ে টাকা উত্তোলন করে নেয়ার ঘটনা। মামলাটির তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ**(১) এটিএম বুথের সিসি ক্যামেরার ছবি যাচাই করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ডিবি-দক্ষিণ বিভাগ কর্তৃক মামলাটি ছায়া তদন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। ধানমন্ডি থানার মামলা নং-১৬, তাং-১৯/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই। ঘটনায় জড়িত কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার অগ্রগতি সন্তোষজনক নয় অবিলম্বে জড়িত আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) সংশ্লিষ্ট জোনের এডিসি ও এসি কে মামলার তদন্ত কার্যক্রমে তদারকী করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। যাত্রাবাড়ী থানার মামলা নং-৪৭, তাং-১২/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিম ভারতীয় নাগরিক। মামলার ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃকাঃবিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। ওয়ারী থানার মামলা নং-২২, তাং-১৯/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯২ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি ০১টি সাজানো মিথ্যা ঘটনা।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। খিলগাঁও থানার মামলা নং-০৪, তাং-০১/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক(তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃকাঃবিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। লুন্ঠিত হওয়া মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত বাকী আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। মিরপুর মডেল থানার মামলা নং-২৭, তাং-১৭/১০/১৭খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি একই মোটর সাইকেলে হেলমেট পরিহিত ০৩ জন ছিনতাইকারী এসে ০২টি মোটরসাইকেল ছিনতাই করে নেওয়ার ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) মামলার মূল রহস্য উদঘাটনসহ জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার ও লুন্ঠিত হওয়া মোটরসাইকেল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। ধানমন্ডি মডেল থানার মামলা নং-০৫, তাং-০৯/১০/১৭খ্রিঃ, ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬/৩২৩/৩৭৯ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে এবং ০৭টি মোবাইল ফোন জব্দ করা হয়েছে। কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) অবিলম্বে জড়িত আসামীদের গ্রেফতার এবং বিকাশের মাধ্যমে লুন্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। যাত্রাবাড়ী থানার মামলা নং-৭২, তাং-১৭/১০/১৭খ্রিঃ, ধারা-৩৬৪-ক/৩৪/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিম মাদ্রাসার ছাত্র এবং ঘটনাটি মাদ্রাসা থেকে পালানোর ঘটনা। ভিকটিমকে উদ্ধার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ(১) অবিলম্বে ভিকটিম উদ্ধার ও মামলার রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। খিলগাঁও থানার মামলা নং-৩৬, তাং-১৪/১০/১৭খ্রিঃ, ধারা- ৩৬৫/৩৪২/৩৮৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক(তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে এবং সে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। কোন আসামী গ্রেফতার করা সম্ভব হয়নি। ০৪ জন সাক্ষীর জবানবন্দি ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) অবিলম্বে জড়িত আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২৬। তেজগাঁও থানার মামলা নং-০৪, তাং-০৪/১০/১৭খ্রিঃ, ধারা-৩২৩/৩৬৪/৩৮০/৩৮৪/৩৮৫/৫০৬/১০৯ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে এবং আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। পল্লবী থানার মামলা নং-৪৬, তাং-১৬/১০/১৭খ্রিঃ, ধারা-১৭০/৩৬৫/৩৪২/৩২৩/৩৮৪/৩৮৫/৩৮৬/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। বিমানবন্দর থানার মামলা নং-৪০, তাং-১৯/১০/১৭খ্রিঃ, ধারা-৮(২)২০১২ সালের পর্নোগ্রাফি নিয়ন্ত্রন আইন;

তৎসহ ৩৬৫/৩৮৫/৩২৩/৩৭৯/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। এজাহারনামীয় ০৭ জন আসামীর মধ্যে ০৭ জনকেই গ্রেফতার করা হয়েছে এবং সকল আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ০৩টি বিদেশী পিস্তল, মোবাইল ফোন ও ল্যাপটপ উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। উত্তরা পশ্চিম থানার মামলা নং-৪৬,তাং-৩০/১০/১৭খ্রিঃ, ধারা-১৭০/৩৬৫/৩৯২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার আসামীকে গ্রেফতার করা হয়েছে। লুণ্ঠিত হওয়া টাকা ও গাড়ী উদ্ধার করা হয়েছে। ১১ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃবিঃ ১৬১ ধারা মোতাবেক রেকর্ড করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। বাড্ডা থানার মামলা নং-০৫, তাং-০৪/১০/১৭খ্রিঃ, ধারা-৯(৩) ২০০০ সালের নাঃশিঃনিঃ দমন আইন সংশোধন ২০০৩

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি শিক্ষক ও তার সহযোগীরা কর্তৃক শিশু ছাত্রী ধর্ষনের ঘটনা। ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া উল্লেখযোগ্য আর কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ(১) মামলার অগ্রগতি সন্তোষজনক নয়, জড়িত অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। তুরাগ থানার মামলা নং-০৫, তাং-০৫/১০/১৭খ্রিঃ, ধারা-৯(৩) ২০০০ সালের নাঃশিঃনিঃ দমন আইন সংশোধন ২০০৩ তৎসহ ৩২৮ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমকে জুসের সাথে ঘুমের ঔষধ মিশিয়ে খাওয়ানোর পর অজ্ঞান করে ধর্ষণের ঘটনা। ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয় এবং তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। জুসের বোতল ও মগ উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) মেডিকেল রিপোর্ট সংগ্রহ করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। থানা এলাকায় ডাকাতি ও দস্যুতা প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট ডিসি/এডিসি/এসি ও অফিসার ইনচার্জগণকে নির্দেশ প্রদান করেন। যে সকল মামলা গুলোর রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলোর রহস্য অতি শীঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। বিগত মাসে সকল দস্যুতা ও ডাকাতি মামলাসমূহ ভোর রাতে সংঘটিত হয়েছে। এজন্য রাতে কর্তব্যরত টহল পুলিশ দল গুলোকে আরো দায়িত্বশীল হওয়ার নির্দেশ প্রদান করা হয়। প্রতিটি থানা এলাকায় সিনিয়র জুনিয়র দ্বন্দে যে বিরোধ দেখা যায় তা প্রতিরোধে কর্তব্যরত বিট পুলিশকে আরো দায়িত্বশীল হওয়ার নির্দেশ দেয়া হয় এবং কমিউনিটি পুলিশিংকে আরো সক্রিয় ভূমিকা রাখার পরামর্শ প্রদান করা হয়। রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগে গত অক্টোবর/১৭ খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট ৩১ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১১ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা ।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সংদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৭/অংশ-৪/ তারিখ- -১১-২০১৭ খ্রিঃ ।

অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা/ডিবি-উত্তর /পশ্চিম / পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন/অপরাধ তথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা ।
২। এসি (রমনা/ধানমন্ডি/লালবাগ/চকবাজার/ওয়ারী/ডেমরা/শ্যামপুর/খিলগাঁও/তেজগাঁও/মোহাম্মদপুর/মিরপুর/পল্লবী/বাড্ডা/ উত্তরা) জোন ডিএমপি, ঢাকা ।

} অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা ।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা ।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা ।

} অবগতির জন্য।

কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম (বার)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা ।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd